# বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি

**Bangladesh Class-III Govt. Employees Association**

(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

কেন্দ্রীয় নির্বাহী পরিষদ

অস্থায়ী কার্যালয় ঃ ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

e-mail : info@bgeac3.com web:wwwbgeac3.com

**স্মারক নং ঃ বাতসকস/১৩০** **তারিখ ঃ ৩০ নভেম্বর ২০১৪খ্রিঃ।**

## সভার কার্যবিবরণী

২৯ নভেম্বর ২০১৪খ্রিঃ শনিবার বিকাল ৪.০০ ঘটিকায় বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি কেন্দ্রীয় নির্বাহী পরিষদ নেতৃবৃন্দ, সম্মানিত উপদেষ্টামণ্ডলী, ঢাকা মহানগর কমিটির নেতৃবৃন্দ, ঢাকা মহানগর সাংগঠনিক, আঞ্চলিক কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির এক জরুরী যৌথসভা কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়, সাতরাস্তা, তেজগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সভাপতি জনাব মোঃ মাহফুজুর রহমান। সভার আলোচ্য সূচী ছিল (১) ২৮ অক্টোবর ২০১৪ তারিখে স্মারক লিপি প্রদান, ১৫ নভেম্বর/১৪ প্রতিষ্ঠা বার্ষিকী উৎযাপন ও ২২ নভেম্বর/১৪ মানববন্ধন কর্মসূচী ত্রয়ের মূল্যায়ন, আলোচনা (২) অর্থ ও বিবিধ। সভায় পবিত্র কোরআর তেলওয়াতের মধ্যে দিয়ে সভার কার্যক্রম শুরু হয়।

সভায় আলোচ্য সূচীভিত্তিক বক্তব্য রাখেন সর্বজনাব মোঃ আনোয়ার হোসেন ও আয়েশা আক্তার বকুল যথাক্রমে সাধারণ সম্পাদন ও সভাপতি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্মচারী ইউনিয়ন, মোঃ খতিবুর রহমান, মোঃ ওবায়দুল হক, সহ-সভাপতি, ঢামক, মোঃ হারুন উর রশিদ, কার্যকরী সভাপতি ঢামক, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নেতৃবৃন্দের মধ্যে মোঃ হারেছ অর্থ সচিব, আজিজুন্নাহার, মারজাহান আক্তার নিপা, মোঃ মফিজুল ইসলাম পিন্টু, সহকারী মহাসচিব, মোঃ মফিজুল হক, মোঃ ফরিদুর রহমান, আবদুল ওয়াদুদ যুগ্ম মহাসচিব, মোঃ রমিজ উদ্দিন মাঝি, যুগ্ম মহাসচিব ও সাধারণ সম্পাদক, ঢামক, মোঃ নজরুল ইসলাম ও মোঃ আতাউর রহমান খান, অতিরিক্ত মহাসচিব, মোঃ খাইরুল বাসার, মোঃ নজরুল ইসলাম, মোঃ নুরুন্নবী, ইব্রাহিম খলিল, নাজমা আক্তার সহ সভাপতি এবং মোঃ আবদুল মান্নান হাজারভী সহ-সভাপতি ও সভাপতি ঢামক, মোঃ রশিদউল্লাহ কার্যকরী সভাপতি প্রমুখ। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

### গৃহীত সিদ্ধান্ত সমূহ

০১। সভায় ০৭/১১/২০১৪ তারিখে অনুষ্ঠিত যৌথ সভার কার্যবিবরণী পাঠ অনুমোদন করা হয়।

০২। সভায় ২৭ সেপ্টেম্বর/১৪ তারিখে অনুষ্ঠিত সমিতিরি সংবাদ সম্মেলনে ঘোষিত আন্দোলনের কর্মসূচীর মধ্যে প্রথম পর্যায় কর্মসূচী ঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সমীপে স্মারকলিপি প্রদান ও ২য় পর্যায় কর্মসূচী ঃ ২২ নভেম্বর/১৪ তারিখে জাতীয় প্রেস ক্লাব সম্মুখ সড়ক পার্শ্বে মানববন্ধন কর্মসূচী সফল ভাবে প্রতিপালিত হওয়ায় অনুষ্ঠানদ্বয়ে অংশ গ্রহণকারী নেতৃবৃন্দ ও সকল স্তরের কর্মচারী ভাই বোনদের ধন্যবাদ জ্ঞাপন ও কৃতজ্ঞতা জানানো হয়।

ঘোষিত তৃতীয় পর্যায় কর্মসূচী ঃ আগামী ৬ ডিসেম্বর/১৪ তারিখ অনুষ্ঠিতব্য কর্মচারী মহাসমাবেশে অনুষ্ঠানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় ডিসেম্বর মাস বাঙ্গালী জাতির বিজয়ের মাস বিবেচনায় আগামী ৬ ডিসেম্বর/১৪ তারিখ কর্মচারী মহাসমাবেস স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সমিতির দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন আসন্ন হওয়ায় প্রতিনিধি সম্মেলন/২০১৫ এর অনুষ্ঠিতব্য সম্মেলন থেকে কর্মচারী মহাসমাবেশের তারিখ ও স্থান নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সভায় ১৫ নভেম্বর/১৪ সমিতির ১৫তম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠান আয়োজনে ও পরিচালনায় অনিচ্ছাকৃত ও অনভিপ্রেত কিছু ত্রুটি ব্যতিত প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠান আন্তরিক ও মনোমুগ্ধকর হওয়ায় অনুষ্ঠান প্রস্তুতির কমিটির নেতৃবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে কেনিপ এর পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

০৪। সভায় সমিতির ১২ সেপ্টেম্বর/১৪ ঈদ পুনমিলনী অনুষ্ঠান বাবদ ব্যয় ৪২,০০০ টাকা, ২৭ সেপ্টেম্বর/১৪ সংবাদ সম্মেলন বাবদ ব্যয় ২৫,০০০ টাকা, ২৮ অক্টোবর/১৪ স্মারক লিপি প্রদান অনুষ্ঠান বাবদ ব্যয় ১৬,১০০ টাকা, ১৫ নভেম্বর/১৪ সমিতির ১৫তম প্রতিষ্ঠা বার্ষিকী বাবদ ব্যয় ৮৯,৬০০ টাকা এবং ২২ নভেম্বর/১৪ মানববন্ধন কর্মসূচী পালন বাবদ ব্যয় ১৭,৩০০ টাকাসহ মোট ব্যয় ১,৯০,০০০ টাকা। ব্যয়িত এই অর্থের মধ্যে নেতৃবৃন্দের অনুদান হতে প্রাপ্ত ১,৮০,০০০ টাকা এবং অবশিষ্ট ১০,০০০ টাকা সমিতির নিজস্ব তহবিল হতে উত্তোলন করে ব্যয় সমন্বয় করা হয়েছে।

০৫। সভায় সমিতির দ্বি-বার্ষিক জাতীয় প্রতিনিধি সম্মেলন/১৫ এর তারিখ নির্ধারণসহ আনুসাঙ্গিক অন্যান্য প্রস্তুতি গ্রহণকল্পে আগামী ০৩ ডিসেম্বর ২০১৪ বিকাল ৫.০০টায় এক যৌথ সভা, কেন্দ্রীয় ঔষধাগার কর্মচারী সমিতির কার্যালয়, তেজগাঁও, সাতরাস্তার মোড়, ঢাকায় আহবানের সিদ্ধান্তক্রমে সভা আহবান করা হলো। সভা অনুষ্ঠান বিষয়ে উপস্থিত সকল নেতৃবৃন্দকে অন্যদের সহিত যোগাযোগ ও অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে মূল্যবান সময় দিয়ে গৃহীত সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করাসহ সকলের সুস্বাস্থ্য ও পারিবারিক সুখ শান্তি কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/১৪

(মোঃ মাহফুজুর রহমান)
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬

**স্মারক নং ঃ বাতসসক/১৩০(২০০)** **তারিখ ঃ ৩০ নভেম্বর ২০১৪খ্রিঃ।**

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ -

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, বিভাগ/জেলা ...............................।

০২। জনাব ............................... বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি, কেনিপ ...............................।

০৩। জনাব ..............................................................................................

৩০/১১/১৪

(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব
০১৯২২-১১৭৫০১